

B.Ed 1st Semester Study Material Bengali Version

Course: 1.1.1, Childhood & Growing Up, 1st Half

Q.শিশুর পরিচর্যায় ক্ষেত্রে পরিবারের ভূমিকা আলোচনা কৰো?

ভূমিকা:

পরিবার হলো সমাজ ও সভ্যতার একটি প্রাচীন ও শক্তিশালী প্রতিষ্ঠান। সমাজ পরিবর্তনের সঙ্গে সঙ্গে পরিবারও তার গঠন প্রকৃতি, রীতিনীতি, সামাজিক সম্পর্ক সবকিছুকে পরিবর্তন ঘটায়। পরিবারের সংজ্ঞায় বলা যায়- “এমন একটি গোষ্ঠী যারা যৌন সম্পর্ক, সন্তান উৎপাদন ও প্রতিপালনের কাজে নিয়োজিত থাকে তাকে পরিবার বলে”। শিশুর পরিচর্যা ও প্রতিপালন এর ক্ষেত্রে পরিবারের ভূমিকা বিশেষ গুরুত্বপূর্ণ।

শিশুর পরিচর্যার ক্ষেত্রে পরিবারের ভূমিকা:

জন্মের পর থেকে শিশুর বিকাশের প্রাথমিক প্রয়োজন হল পরিবারের পরিচর্যা। শিশুর পরিচর্যার ক্ষেত্রে পরিবারের কাজ গুলি হল-

১. প্রাথমিক আচরণের শিক্ষা:

শিশুর পরিচর্যার ক্ষেত্রে প্রাথমিক আচরণগত শিক্ষাদান হল পরিবারের প্রথম দায়িত্ব। এই প্রসঙ্গে শিক্ষাবিদ কমেনিয়াস বলেছেন- 'মায়ের কোলই শিশুর প্রথম বিদ্যালয়।

২. দৈহিক বিকাশ:

শিশুর দৈহিক বিকাশে পরিবার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। কারণ, শিশু পরিবারেই বেড়ে ওঠে। তাই পরিবারে শিশুর দৈহিক বিকাশের প্রতি বিশেষ যত্ন নিয়ে থাকে।

৩. সু-অভ্যাস গঠন:

পারিবারিক পরিবেশে শিশুর মধ্যে কতগুলি সু অভ্যাস গঠিত হয়। সু অভ্যাস গঠন এর গুরুত্বপূর্ণ সময়কাল হল শৈশবকাল। তাই পরিবারের মধ্যে খুব সহজেই শিশুর মধ্যে সু অভ্যাস গড়ে ওঠে।

৪. প্রাক্ষোভিক বিকাশ:

পরিবারের সুমধুর পরিবেশই শিশুর দেহ-মনের শিশুর বিকাশ ঘটে এবং শিশুর স্বাভাবিক বিকাশের ক্ষেত্রে কোনো বাধা, জড়তা বা ভয়ের সৃষ্টি হয় না। তাই শিশুর প্রাক্ষোভিক বিকাশের ক্ষেত্রে পরিবার হলো এক সুন্দর জায়গা।

৫. বৃত্তি শিক্ষা:

শিশুর বৃত্তি শিক্ষার ক্ষেত্রে পরিবার বিশেষ ভূমিকা পালন করে। আজও বহু গরিব পরিবারের ছেলেমেয়েরা বাবা-মায়ের বৃত্তি গ্রহণ করে জীবিকা নির্বাহ করে।

৬. আধ্যাত্মিক জীবনের বিকাশ:

পরিবারের মধ্যেই শিশুর ধর্মীয় ও আধ্যাত্মিক জীবনের বিকাশ হয়। সে পরিবারের অন্যান্য বয়স্ক ব্যক্তির সঙ্গে সামাজিক বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠানে যোগ দেয়। এর ফলে আধ্যাত্মিক জীবনের বিকাশ হয়।

৭. ভাষার বিকাশ:

ভাষার বিকাশের ক্ষেত্রে পরিবারের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। শিশু পরিবারের বাবা-মা এবং বয়স্কদের অনুকরণ করে ভাষা শিক্ষা লাভ করে।

৮. সাংস্কৃতিক বিকাশ:

পরিবার শিশুর সাংস্কৃতিক চেতনায় বিকাশ ঘটায়। পরিবার থেকে শিশু বিভিন্ন আদব-কায়দা, চালচলন, পোশাক-পরিচ্ছদ, কথাবাত্তা, অপরের

প্রতি আচরণ,ভদ্রতা, সৌজন্যমূলক আচরণ শিখে থাকে।এর ফলে শিশুর মধ্যে সুস্থ সাংস্কৃতিক বোধের বিকাশ ঘটে।

৯. জ্ঞানার্জনের শিক্ষা:

পরিবার শিশুকে বিভিন্ন ধরনের গানের সঙ্গে পরিচিত করে।তাই জ্ঞানার্জনের শিক্ষার প্রকৃত পক্ষে পরিবারেই শুরু হয়।

১০. মূল্যবোধের বিকাশ:

শিশুর মধ্যে মূল্যবোধ গড়ে তোলার ক্ষেত্রে পরিবার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।পারিবারিক জীবনের বিভিন্ন কাজ ও আচার আচরণের মধ্য দিয়ে শিশুর মধ্যে মূল্যবোধ গড়ে ওঠে।

উপসংহার:

উপরিউক্ত আলোচনার পরিপ্রেক্ষিতে বলা যায় যে, শিশুর শিক্ষার ক্ষেত্রে পরিবারের ভূমিকা গুরুত্বপূর্ণ।শিশুর শিক্ষার ক্ষেত্রে পরিবারের গুরুত্বের কথা উল্লেখ করতে গিয়ে George Herbert বলেছেন-"One Good Mother Is Worth A Hundred School Master."

Thank You

Visit Our Educational Website

Regularly For More Update:

<https://www.dascoaching.in/>

(Get free B.Ed Study Materials, Practicum,

Assignment, Lesson Plan, E-Books)

Our Free Service

Free Download B.Ed EBook

Free Online Class

Free Online Mock Test

Our Online Store

DAS Coaching Store

Contact Us On:

Facebook: [fb/dascoaching.in](https://www.facebook.com/dascoaching.in)

YouTube: [DAS Coaching](https://www.youtube.com/DASCoaching)

Mail: contact.dascoaching@gmail.com

Join Telegram Group: [DAS Coaching](https://www.telegram.com/join/DASCoaching)

Whatsapp: 9339697099